গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৬৭.২০২৩.৮২১

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: রবিউল আউয়াল (১৩৩৬২), সহকারী অধ্যাপক (দর্শন) পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও বদলিনীতিমালা সংক্রান্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সম্পর্কে ফেসবুকের ব্যক্তিগত ওয়ালে “বদলিনীতিমালা বাস্তবায়ন না করে মাউশি ও শিক্ষা মন্ত্রণালয় সিন্ডিকেট করে শিক্ষা ক্যাডারের বারোটা বাজাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী অন্ধ না বধির? আমাদের আর্তনাদ কি আপনার চোখে পড়ে না? কানেও শুনেন না?” মর্মে মন্তব্য করেন। এরুপ কার্যকলাপ মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯’ এবং বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ফেসবুকে তাদের ব্যক্তিগত ওয়াল ও বিভিন্ন গ্রুপে সহকর্মী, উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তের বিষয়ে অশোভন, অনৈতিক, শিষ্টাচার বহির্ভূত ও উস্কানিমূলক বক্তব্য হতে বিরত থাকার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪/০৮/২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫.৫৯১ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনার পরিপন্থী;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদন্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**
জনাব মো: রবিউল আউয়াল (১৩৩৬২)
সহকারী অধ্যাপক (দর্শন), পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

**বর্তমান ঠিকানা:**
জনাব মো: রবিউল আউয়াল
পিতা: মো: তছলিম উদ্দিন
গ্রাম: নিতাইনগর, ডাকঘর: নগর, উপজেলা: বড়াইগ্রাম, জেলা: নাটোর।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

# অভিযোগবিবরণী

জনাব মো: রবিউল আউয়াল (১৩৩৬২), সহকারী অধ্যাপক (দর্শন) পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও বদলিনীতিমালা সংক্রান্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সম্পর্কে ফেসবুকের ব্যক্তিগত ওয়ালে "বদলিনীতিমালা বাস্তবায়ন না করে মাউশি ও শিক্ষা মন্ত্রণালয় সিন্ডিকেট করে শিক্ষা ক্যাডারের বারোটা বাজাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী অন্ধ না বধির? আমাদের আর্তনাদ কি আপনার চোখে পড়ে না? কানেও শুনেন না?" মর্মে মন্তব্য করেছেন। তার এহেন কার্যকলাপের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ৩০/০৭/২০২৩ তারিখে কারণ দর্শানোর পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে উক্ত কর্মকর্তা ০৩/০৮/২০২৩ তারিখে কারণ দর্শানোর জবাব প্রেরণ করেন যা সন্তোষজনক হয়নি এবং প্রেরিত জবাবে কিরুপ মন্তব্যের জন্য তাকে অভিযুক্ত করা হয়েছে তা জানানো হয়নি মর্মে তার জবাবে উল্লেখ করেন। পরবর্তীতে তার ফেসবুকের ব্যক্তিগত ওয়ালের স্কীন শর্ট ই-মেইলে প্রেরণ করা হলে সে বিষয়ে কোন জবাব প্রদান করেননি। তার এরুপ কার্যকলাপ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯' এবং বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ফেসবুকে তাদের ব্যক্তিগত ওয়াল ও বিভিন্ন গ্রুপে সহকর্মী, উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষের গ্রহীত সিদ্ধান্তের বিষয়ে অশোভন, অনৈতিক, শিষ্টাচার বহির্ভূত ও উস্কানিমূলক বক্তব্য হতে বিরত থাকার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪/০৮/২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫.৫৯১ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনার পরিপন্থী;

জনাব মো: রবিউল আউয়াল (১৩৩৬২), সহকারী অধ্যাপক (দর্শন) পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

২৯।১১।২৩

(সোলেমান খান)
সচিব